Sagittarius.inc®
COMMUNICATION ARCHITECTS
#roaring20

Pushpak 1st Floor 18/1 Deodar Street, Kolkata - 700019, West Bengal, India
Tel +91 33 2454 0101 / 2454 5556 Telefax +91 33 2476 1445 M 98300 17953 E sagittariusinc.pr@gmail.com / shiladit73@gmail.com W www.sagittariusinc.in

| | | | |
|---|---|---|---|
| **Publication** | Suswastho | | **Edition:** Kolkata |
| **Client** | Abha Surgy | **Page:** 64 | **Date:** 1.12.2024 |

# আভা সার্জারি সেন্টারের আই.ভি.এফ এবং মহিলাদের স্বাস্থ্যসেবায় ৩০বছর

**সুদীপ্তা দাস, কলকাতা :** ইস্টার্ন ইন্ডিয়ার নামি আই.ভি.এফ অ্যান্ড গাইনোকোলজি সেন্টার গত ১৪ নভেম্বর কোলকাতার পার্ক হোটেলে তাদের ৩০তম বার্ষিক সম্মেলন অনুষ্ঠান পালন করল, যা অনেক দম্পতির জন্য আনন্দ নিয়ে আসার তিন দশকের পূর্তি। এই উল্লেখযোগ্য মাইলফলক চিহ্নিত করতে ওইদিন ইন্ডিয়ান পোস্ট 'মাই স্ট্যাম্প' সহ একটি বিশেষ কভার প্রকাশ করে। পোস্টমাষ্টার জেনারেল মিঃ অশোক কুমার এই 'মাই স্ট্যাম্প' প্রকাশ করেন। আভা সার্জারি সেন্টার ৪৬ বছরের যাত্রায় মাতৃত্ব এবং আই.ভি.এফ নিয়ে একটি টক-শো আয়োজন করে।




এই অনুষ্ঠানে বিভিন্ন ক্ষেত্রের বিশিষ্ট ব্যক্তিরা উপস্থিত ছিলেন, যেমন— ডাঃ বাসুদেব মুখার্জি (প্র্যাকটিসিং সিনিয়র-মোস্ট গাইনোকোলজিস্ট, অ্যাসোসিয়েটেড উইথ অঙ্কুরান আই.ভি.এফ ক্লিনিক, উডল্যান্ডস হাসপাতাল), ডাঃ বাণী কুমার মিত্র (প্রতিষ্ঠাতা ও প্রধান পরামর্শদাতা, আভা সার্জারি সেন্টার), ডাঃ ভাস্কর পাল (প্রেসিডেন্ট ইলেক্ট এবং সিনিয়র কনসালটেন্ট গাইনোকোলজিস্ট, অ্যাপোলো মাল্টিস্পেশালিটি হাসপাতাল), শ্রীমতি সুদেষ্ণা রায় (প্রখ্যাত চলচ্চিত্র নির্মাতা ও অভিনেত্রী), শ্রীমতি দেবারতী মুখোপাধ্যায় (বিশিষ্ট লেখক), শ্রীমতি অনিন্দিতা সর্বাধিকারী (বিশিষ্ট চলচ্চিত্র ও থিয়েটার পরিচালক) প্রমুখ।

ডাঃ বাণী কুমার মিত্র (প্রতিষ্ঠাতা এবং প্রধান পরামর্শদাতা, আভা সার্জারি সেন্টার) বলেন, 'আজকের এই সফলতা আমাদের গভীর আনন্দ দেয় যে তিন দশক ধরে আমাদের ঐকান্তিক প্রচেষ্টায় বহু নিঃসন্তান দম্পতি মাতৃত্বের পরিপূর্ণতা নিশ্চিত করতে পেরেছে আভা সার্জারি সেন্টার। যে সমস্ত মহিলারা প্রকৃতির স্বাভাবিক নিয়মে মা হতে পারেননি, প্রী-টিন থেকে পোস্ট-মেনোপজ পর্যন্ত আভা সার্জারি সেন্টার তাদের স্বাস্থ্য রক্ষায় সহযোদ্ধা হিসেবে কাজ করে গেছে। তাদের সাধ্যের মধ্যে খরচে এই পরিসেবা দিয়ে এসেছি। কেউ বিনা চিকিৎসায় এখান থেকে ফিরে যান না। আজকের এই 'মাই স্ট্যাম্প' প্রকাশ আভা সার্জারি সেন্টারের প্রত্যেক কর্মী, পেসেন্ট এবং শুভাকাঙ্খীদের কাছে অত্যন্ত তাৎপর্যপূর্ণ।'

ডাঃ কঙ্কনা দাস মিত্র (কর্ণধার ও প্রধান ভ্রুণ বিশেষজ্ঞ, আভা সার্জারি সেন্টার) বলেন, 'ভারতে বন্ধ্যাত্বের সংখ্যা ক্রমাগত বেড়েই চলেছে। এবং বন্ধ্যাত্বের চারপাশে আবর্তিত সামাজিক মনোভাব আজও প্রতিকূল। তাই নিঃসন্তান দম্পতিদের এই সামাজিক ও মানসিক চাপ থেকে স্বস্তি দিতে আই.ভি.এফ এবং এ.আর.টি-র মাধ্যমে মাতৃত্ব এনে দিতে নিরলস কাজ করে চলেছে আভা সার্জারি সেন্টার।'

মনোমুগ্ধকর টক শোটি কলামিস্ট এবং সাংস্কৃতিক ও লোকশিল্পের কিউরেটর মিস ঐন্দ্রিলা দত্ত পরিচালনা করেন। বক্তারা ১৯৭৮ সাল থেকে ভারতে বন্ধ্যাত্বের চ্যালেঞ্জগুলি কাটিয়ে উঠতে সহায়তা করার ক্ষেত্রে সংস্থার রূপান্তরমূলক ভূমিকা তুলে ধরেন। দম্পতিদের জন্য আশার আলো হয়ে ওঠা এই সংস্থা সারা দেশে আরো অনেক পরিবারের জন্য আরও উজ্জ্বল ভবিষ্যতের প্রতিশ্রুতি দেয়।